

চট্টগ্রাম ভাসিটির পরিস্থিতির জন্য ছাত্রলীগ ভাসিকে দায়ী করিয়াছে

চট্টগ্রাম অফিস ॥ ছাত্রলীগ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি শাহজাহান চৌধুরী গত সোমবার এক বিবৃতিতে সম্প্রতি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাসী কর্মকাণ্ড, বিশ্ববিদ্যালয় ও হলসমূহ বন্ধসহ কতিপয় ঘটনাবলীর জন্য ভাসি অধ্যাপক আবদুল মান্নানকে দায়ী করিয়াছে। বিবৃতিতে বলা হয়, সাধারণ ছাত্রছাত্রীদের নিকট বর্তমান গণতান্ত্রিক সরকারের ভাবমূর্তিকে ক্ষুণ্ণ করার লক্ষ্যে বিশ্ববিদ্যালয় প্রশাসন 'স্বৈরাচারী' কায়দায় এ ধরনের নোংরা ষড়যন্ত্র লিপ্ত রহিয়াছে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভাসি অধ্যাপক আবদুল মান্নান কর্তৃক বিভিন্ন পত্রিকায় দেওয়া বক্তব্যের পরিপ্রেক্ষিতে ছাত্রলীগ সভাপতি এ বিবৃতি দেন। বিবৃতিতে আরও বলা হয়, ছাত্র সংগঠনসমূহের বাস চালুর চলমান আন্দোলনকে ভিন্ন খাতে প্রবাহিত করার মানসে পরিকল্পিতভাবে গত বৃহস্পতিবার সন্ত্রাসীরা পুলিশ ও সাধারণ ছাত্রদের উপর গুলী চালায়। বিশ্ববিদ্যালয় প্রশাসনও পরিকল্পনা অনুযায়ী বিশ্ববিদ্যালয় ও হলসমূহ বন্ধ করিয়া দেয়। বিবৃতিতে আরও উল্লেখ করা হয়, ভাসি অধ্যাপক আবদুল মান্নান-এর নেতৃত্বাধীন প্রশাসন অযৌক্তিকভাবে গত বৎসর তিসাহ বিভিন্ন ক্ষেত্রে ১০ হইতে ৩০ ভাগ পর্যন্ত ফি বৃদ্ধি করিয়াছে। বাস ভাড়া ৫০ টাকা হইতে ৩৬০ টাকা ধার্য করা হইয়াছে। সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ণ করার জন্য অযৌক্তিকভাবে আস্ত: ক্যাম্পাস বাস চলাচল বন্ধ করিয়া দিয়াছে। গত ২২শে মার্চ ছাত্র শিবিরের প্ররোচনায় নিজ হাতে সোহরাওয়ার্দী হল হইতে বঙ্গবন্ধু পোষ্টার ছিড়িয়াছেন।